ProAS (প্রয়াস) অ্যাপ ব্যবহারকারীর জন্য নির্দেশিকা

১। প্রশ্নঃ ProAS(প্রয়াস) অ্যাপ কি?

উত্তরঃ ProAS (PROTIC Advisory Service) বা প্রয়াস হচ্ছে প্রতীক প্রকল্পের অধীনে উপকারভোগীদেরকে প্রকল্প চলাকালীন সময়ে দেয়া কৃষি ও প্রাকৃতিক দূর্যোগ বিষয়ক সকল এসএমএস (SMS) ও ওবিডি (OBD) তথ্য সংবলিত একটি অ্যাপ।

২। প্রশ্নঃ প্রয়াস অ্যাপ কারা ব্যবহার করতে পারবে?

উত্তরঃ প্রতীক প্রকল্প চলাকালীন সময়ে প্রাথমিকভাবে প্রকল্পের অধীন তিনটি এলাকার (নীলফামারী জেলার ডিমলা উপজেলা, সুনামগঞ্জ জেলার তাহিরপুর উপজেলা এবং সাতক্ষীরা জেলার শ্যামনগর উপজেলা) ১০০ জন করে মোট ৩০০ জন উপকারভোগী প্রয়াস অ্যাপ ব্যবহার করতে পারবেন। পরবর্তীতে এই অ্যাপের ব্যবহারকারী এবং সেবা বিষয়ে যে কোনো সিদ্ধান্ত উইন মিয়াকি লিমিটেড ও অক্সফাম ইন বাংলাদেশ নিতে পারবে।

৩। প্রশ্নঃ প্রয়াস অ্যাপ থেকে কোনো হালনাগাদ তথ্য পাওয়া যাবে?

উত্তরঃ প্রকল্প চলাকালীন সময়ে পাওয়া যাবেনা।পরবর্তীতে দেওয়া হলে জানানো হবে।

৪। প্রশ্নঃ প্রয়াস অ্যাপ থেকে কোনো নতুন এসএমএস পাওয়া যাবে/ কল সেন্টারে কথা বলা যাবে?

উত্তরঃ প্রকল্প চলাকালীন সময়ে কোনো নতুন এসএমএস পাওয়া যাবেনা এবং কল সেন্টারে কল ও করা যাবে না।পরবর্তীতে দেওয়া হলে জানানো হবে।

৫। প্রশ্নঃ প্রয়াস অ্যাপ ব্যবহার করলে আমাদের কোনো টাকা খরচ হবে?

উত্তরঃ প্রয়াস অ্যাপে দুই ধরণের তথ্য আছে।যথাঃ প্রতীক প্রকল্পের অধীনে এসএমএস এর মাধ্যমে পাঠানো তথ্য এবং ওবিডি'র মাধ্যমে পাঠানো তথ্য।এসএমএস বা টেক্সট তথ্য দেখার জন্য টাকা খরচ হবে না।কিন্তু অডিও শোনার জন্য ইন্টারনেট ডাটা খরচ হবে।

৬। প্রশ্নঃ প্রতীকের অ্যানিমেটর ছাড়া অন্যকেউ প্রয়াস অ্যাপ ব্যবহার করতে পারবে?

উত্তরঃ না।প্রতীকের অ্যানিমেটরদের মোবাইল নম্বর উইন মিয়াকি'র নিকট আগেই দেয়া থাকবে।প্রয়াস অ্যাপ ইন্সটল করার পর মোবাইল নম্বর চাওয়া হবে।অ্যাপে প্রদত্ত নম্বর এবং উইন মিয়াকি'র কাছে থাকা নম্বর না মিললে অ্যাপের কন্টেন্ট পেজগুলোতে অগ্রসর হওয়া যাবেনা।

৭। প্রশ্নঃ আমার মোবাইল নম্বর বৈধ কিনা/অ্যাপে আগে থেকে দেয়া আছে কিনা জানবো কিভাবে?

উত্তরঃ আপনার মোবাইল নম্বর বৈধ/অ্যাপে আগে থেকে দেয়া না থাকলে নিচের ছবির নোটিফিকেশন এর মাধ্যমে জানানো হবে।



৮। প্রশ্নঃ প্রয়াস অ্যাপ কোথায় পাব /প্রয়াস অ্যাপ আমার মোবাইলে কিভাবে ইন্সটল করবো?

উত্তরঃ আপনার নিকটস্থ এনজিও প্রতিনিধির ই-মেইলে প্রয়াস অ্যাপ দেয়া হবে। তিনি ডাউনলোড করে ইন্সটল করার পর তার থেকে শেয়ার ইট এর মাধ্যমে আপনার মোবাইলে নিতে পারবেন এবং ইন্সটল করতে পারবেন।

৯। প্রশ্নঃ প্রয়াস অ্যাপ আমার মোবাইলে ইন্সটল হয়েছে কিনা কিভাবে বুঝবো?

উত্তরঃ আপনার মোবাইলে ইন্সটল করা অন্যান্য অ্যাপের মাঝে নিচের ছবিতে দেয়া প্রয়াস আইকন খুজুন।



১০। প্রশ্নঃ প্রয়াস অ্যাপে প্রবেশ করবো কিভাবে?

উত্তরঃ নিচের ছবিতে দেয়া প্রয়াস অ্যাপের আইকনের উপর টাচ/ক্লিক করে অ্যাপে প্রবেশ করা যাবে।



১১। প্রশ্নঃ প্রয়াস অ্যাপে প্রবেশ করার পর মোবাইল নম্বর চাচ্ছে।প্রত্যেকবার অ্যাপে প্রবেশ করার পর কি মোবাইল নম্বর দিতে হবে?

উত্তরঃ একটি মোবাইল থেকে শুধু মাত্র প্রথমবার আপনার মোবাইল নম্বর দিতে হবে।তবে কোনো কারনে যেমন মোবাইল নষ্ট হয়ে গেলে অথবা আপনার সিম অন্য মোবাইলে ব্যবহার করলে এবং পরিবর্তিত মোবাইলে প্রয়াস অ্যাপ ব্যবহার করতে চাইলে পুনরায় মোবাইল নম্বরটি দিতে হবে।এভাবে মোবাইল নম্বর ঠিক রেখে সর্বোচ্চ তিনটি মোবাইলে প্রয়াস অ্যাপ ব্যবহার করা যাবে। তবে একটি মোবাইল নম্বর দিয়ে শুধুমাত্র একটি মোবাইলে প্রয়াস অ্যাপ ব্যবহার করা উচিত।

১২। প্রশ্নঃ আমি আমার এলাকা বাছাই করবো কিভাবে? আমার এলাকা ব্যতিত অন্য এলাকার কন্টেন্ট দেখতে পারবো?

উত্তরঃ ধরুণ আপনার এলাকা এনজিও পল্লীশ্রী এবং এলাকা ডিমলা।আপনি নিচের ছবির পল্লীশ্রী এর আইকন এর উপর টাচ করলে আপনার এলাকার কন্টেন্ট ক্যাটাগরি দেখতে পাবেন।আপনি আপনার এলাকা ছাড়াও অন্য এলাকার কন্টেন্ট দেখতে পারবেন।

১৩। প্রশ্নঃ কন্টেন্ট ক্যাটাগরি কিভাবে বাছাই করবো?

উত্তরঃ এলাকা বাছাই এর মতো ক্যাটাগরি আইকনের (ফসল/প্রাণিসম্পদ/মৎস্য সম্পদ/প্রাকৃতিক দূর্যোগ/মাস) উপর টাচ/ক্লিক করে ক্যাটাগরি বাছাই করা যাবে।যেমন ফসলের উপর টাচ করলে ভুট্টা, বোরো ধান, আলু ইত্যাদি দেখাবে)

১৪। প্রশ্নঃ কোন নির্দিষ্ট ফসলের সমস্যা বা কন্টেন্ট এর তালিকা কিভাবে দেখবো?

উত্তরঃ কোন নির্দিষ্ট ফসলের সমস্যা বা কন্টেন্ট এর তালিকা দেখতে হলে ওই ফসলের আইকনের উপর টাচ করতে হবে।যেমনঃ পল্লীশ্রী এলাকার ফসল ক্যাটাগরির অধীনে ভুট্টা ফসলের উপর টাচ করলে ভুট্টার বিভিন্ন করণীয় সম্পর্কে তালিকা দেখাবে।যেমনঃ ১। রবি মৌসুমে ভুট্টার জমিতে সেচ ২।রবি মৌসুমে ভুট্টা জমিতে ইউরিয়া উপরি প্রয়োগ ৩।রবি মৌসুমে ভুট্টার জমিতে জাব পোকা ইত্যাদি।



১৫। প্রশ্নঃ কন্টেন্ট তালিকা বা তথ্যের তালিকা থেকে বিস্তারিত কন্টেন্ট কিভাবে দেখবো/অডিও কিভাবে শুনবো?

উত্তরঃ কন্টেন্ট তালিকার যেকোনো একটি বিষয়ের উপর টাচ করলে বিস্তারিত কন্টেন্ট দেখা যাবে। অডিও কন্টেন্ট থাকলে বিস্তারিত কন্টেন্ট এর নিচে অডিও আইকন দেখাবে।অডিও আইকনের উপর টাচ করলে অডিও শোনা যাবে।



১৬। প্রশ্নঃ একটি কন্টেন্ট দেখার পর আরেকটি কন্টেন্ট কিভাবে দেখবো/কন্টেন্ট তালিকায় কিভাবে ফেরত যাবো?

উত্তরঃ একটি কন্টেন্ট দেখা পর বা শোনার পর উপরের বাম পাশে ব্যাক আইকনে /মোবাইলের ব্যাক আইকনে টাচ করে অন্য কন্টেন্ট দেখা বা শোনা যাবে।



১৭। প্রশ্নঃ প্রয়াস অ্যাপ থেকে বের হব কিভাবে?

উত্তরঃ প্রথমে ব্যাক চেপে হোম পেইজে যেতে হবে।তার পর বাহির আইকনে টাচ করে অ্যাপ থেকে বের হওয়া যাবে।



১৮। প্রশ্নঃ প্রয়াস অ্যাপ ব্যবহার করতে গিয়ে এই নির্দেশিকার বাহিরে কোনো সমস্যার সম্মুখীন হলে কাকে জানাবো?

উত্তরঃ আপনার এলাকার সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধিকে জানাতে পারেন। তারা

বিশেষ দ্রষ্টব্যঃ

- প্রতীক প্রকল্পের অ্যানিমেটরদের এলাকা ভিত্তিক সর্বশেষ হালনাগাদ করা মোবাইল নম্বর উইন মিয়াকি লিমিটেড কে দিতে হবে।
- মোবাইল নম্বর পরিবর্তন করলে যথাযথ কর্ত্রিপক্ষের মাধ্যমে উইন মিয়াকি লিমিটেড কে জানাতে হবে।
- প্রয়াস অ্যাপ ইন্সটল করার সময় এবং অডিও শোনার সময় ইন্টারনেট থাকতে হবে।
- একটা মোবাইল নম্বর দিয়ে সর্বোচ্চ ৩ টা মোবাইলে প্রয়াস অ্যাপ ব্যবহার/ইন্সটল করা যাবে। তবে প্রত্যেকবার নতুন করে ইন্সটল করতে গেলে মোবাইল নম্বর দিতে হবে এবং ইন্টারনেট থাকতে হবে।
- একটা মোবাইল নম্বর দিয়ে একটি মোবাইলে যতবার খুশি প্রয়াস অ্যাপ ইন্সটল/ আন- ইন্সটল করা যাবে।
- আগামী মার্চ ২০২০ পর্যন্ত প্রতীক অ্যানিমেটরদের জন্য প্রয়াস অ্যাপ সেবা বিনা মূল্যে দেয়া হবে। পরবর্তীতে প্রয়াস অ্যাপ সেবা/সেবা মূল্য নির্ধারিত হতে পারে।